দৈনিক বাংলা

তারিখ 25 DEC 1985
পৃষ্ঠা 8 কলাম 7

033

# প্রকৌশল ভার্সিটি:
# ৫০টি আসনে ৩ হাজার প্রার্থী

[প্রকৌশল বিশ্ববিদ্যালয় রিপোর্টার]

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষে ভর্তি পরীক্ষার জন্য স্থাপত্য অনুষদে প্রতিটি আসনের জন্য ৬০টি করে দরখাস্ত জমা পড়েছে। অপর দিকে প্রকৌশল বিভাগসমূহে প্রতিটি আসনের জন্য দরখাস্ত জমা পড়েছে ১১টি।

মঙ্গলবার ছিল প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ১৯৮৫-৮৬ সেশনে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফরম জমা দেয়ার শেষ দিন। বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিভাগের তথ্যানুযায়ী এবারে স্থাপত্য অনুষদে ৫০টি আসনের জন্য ফরম জমা পড়েছে ২ হাজার ৯ শত নব্বইটি। এবং প্রকৌশল বিভাগসমূহে ৫ শত ১০টি আসনের জন্য দরখাস্ত জমা পড়েছে ৫ হাজার ৬ শত ৩০টির মত। এবারই সবচেয়ে বেশি দরখাস্ত জমা পড়েছে বলে জানা গেছে।

স্থাপত্য অনুষদে আবেদনকারী সকলেই ভর্তি পরীক্ষার সুযোগ পাবেন। তবে প্রকৌশল বিভাগসমূহে ৫,৬৩০ জন প্রার্থীর মধ্য থেকে সাড়ে তিন হাজার প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে।

৮ই জানুয়ারী বাছাইকৃত ছাত্রদের নাম ঘোষণা করা হবে। আগামী ২৯শে জানুয়ারী প্রকৌশল বিভাগসমূহের এবং ৩০শে জানুয়ারী স্থাপত্য অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।